ইত্তেফাক

104

তারিখ ২৪।১।৮৩
পৃষ্ঠা 2 কলাম ৫

## ২০শে ফেব্রুয়ারী প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভের কর্মসূচী

আগামী ১৯শে হইতে ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত নগরীতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মহাবিক্ষোভ কর্মসূচী অনুযায়ী ২০শে ফেব্রুয়ারী ঢাকায় মহা জমায়েত অনুষ্ঠিত হইবে। সমিতি দাবী করিয়াছে যে, ঐদিন প্রায় দুইলাখ প্রাথমিক শিক্ষকসহ ৫ লাখ লোক বঙ্গভবন অভিমুখে বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করিবেন।

গতকাল (শুক্রবার) দুপুরে স্থানীয় এক রেস্তোরাঁয় সাংবাদিক সম্মেলনে প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও অন্যান্য নেতা এ কর্মসূচী ঘোষণা করেন। তাঁহারা বলেন: 'প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পৌর কর্পোরেশন ও গ্রাম সরকারের অধীনে ন্যস্ত করার পিছনে যে রাজনৈতিক উদ্দেশ্য রহিয়াছে তাহা দেশবাসীকে অনুধাবন করিতে হইবে। গ্রাম সরকার নামক রাজনৈতিক ক্যাডার গঠন সম্পন্ন হইলে সকল প্রকার রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা হইবে। গ্রাম সরকারের লক্ষ লক্ষ সদস্যকে অনুগত রাখার জন্য প্রাথমিক শিক্ষার যাবতীয় প্রয়োজনীয় অর্থ তাহাদের হাতে দেওয়ার পরিকল্পনা রহিয়াছে।' তাঁহারা বলেন যে, রংপুরের প্রাথমিক শিক্ষকদের শান্তিপূর্ণ শোভাযাত্রার উপর পুলিশ সুপরিকল্পিত পন্থায় লাঠিচার্জ শুরু করে। রংপুরের জনসাধারণের মতে পুলিশের হামলায় অন্ততঃ তিন হাজার প্রাথমিক শিক্ষক আহত হইয়াছে। অনেকের এক্স-রে প্লেট-এ দেখা যায় কাহারও হাত, কাহারও পা ও কাহারও কোমর ভাঙ্গিয়া গিয়াছে। "সমিতির সভাপতির রংপুর সফরের খবর পাইয়া হাসপাতাল কর্তৃপক্ষ আহত ১৬ জন গুরুতর অসুস্থ প্রাথমিক শিক্ষককে হাসপাতাল হইতে বাহির করিয়া দেয়। রংপুরে একই সময়ে ভর্তিকৃত দুইজন আহত ব্যক্তি প্রাণ ত্যাগ করেন" বলিয়াও তাঁহারা অভিযোগ করিয়াছেন।